

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য অর্থনীতি ইউনিট
১৪/২, তোপখানা রোড, আনসারী ভবন (৪র্থ তলা), ঢাকা- ১০০০

পত্র নং: ৪৫.০৫.০০০০.০০৭.৩২.০২৪.২২.


তারিখ: ০১/১০/২০২৩ খ্রি.

বিষয়: লালমনিরহাট জেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) -এর কার্যক্রম সফল বাস্তবায়নের লক্ষ্যে সেবা প্রদানকারী ও অন্যান্য অংশীজনদের সাথে অবহিতকরণ কর্মশালা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের মার্চ হতে টাঙ্গাইল জেলার একটি উপজেলা (কালিহাতী) এবং ২০১৭ সালের সেপ্টেম্বর মাস হতে আরো দু'টি (মোট তিনটি) উপজেলায় পরীক্ষামূলকভাবে স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) বাস্তবায়িত হচ্ছে। এই কর্মসূচি স্বাস্থ্য সেবা নেয়ার ক্ষেত্রে সুবিধাভোগী দরিদ্র পরিবারসমূহের নিজ পকেট হতে ব্যয় (Out-Of-Pocket-OOP) উল্লেখযোগ্যহারে হ্রাস এবং তাঁদেরকে স্বাস্থ্য ব্যয়জনিত আর্থিক বিপর্যয় (Catastrophic Health Expenditure-CHE) হতে রক্ষা করতে সক্ষম হয়েছে। সরকার টাঙ্গাইল জেলার সদরসহ অবশিষ্ট ৯টি উপজেলায়, ঢাকা মহানগরী এবং দেশের আরো ৬টি জেলায় (বরগুনা, বরিশাল, লক্ষীপুর, মানিকগঞ্জ, কুড়িগ্রাম ও লালমনিরহাট) এসএসকে কার্যক্রম সম্প্রসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। লালমনিরহাট জেলার সকল উপজেলায় স্বাস্থ্য সুরক্ষা কর্মসূচি (এসএসকে) -এর কার্যক্রম সফল বাস্তবায়নের জন্য সেবা প্রদানকারী ও অন্যান্য অংশীজনদের সাথে অবহিতকরণের লক্ষ্যে আগামী ৪ অক্টোবর ২০২৩ সকাল ১০:০০ ঘটিকায় সম্মেলন কক্ষ, সিভিল সার্জনের কার্যালয়ে আয়োজন করা হয়েছে।

০২। ড. মো: এনামুল হক, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং ড. সৈয়দা নওশিন পর্ণিনী, পরিচালক (গবেষণা), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট বিশেষ অতিথি হিসেবে উক্ত কর্মশালায় অংশগ্রহণ করবেন।

০৩। উক্ত কর্মশালায় সংযুক্ত তালিকায় বর্ণিত কর্মকর্তা ও কর্মচারীদের লালমনিরহাট সার্কিট হাউসে/সরকারি ব্যবস্থাপনায় পদমর্যাদা অনুযায়ী আগামী ০৩ অক্টোবর ২০২৩ তারিখ পর্যন্ত আবাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



(খোন্দকার মোহাম্মদ রিজাউল করিম)

উপপরিচালক

স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

মোবাইল: ০১৭০৩২৮০৮০৮

ইমেইল: dd1@heu.gov.bd

জেলা প্রশাসক

ও

বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, লালমনিরহাট

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে

- ০১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), লালমনিরহাট।
- ০২। নেজারত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
- ০৩। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট।
- ০৪। অফিস কপি।